

ভূগোল

আজকের বিষয়

পরিবর্তনশীল পৃথিবী : আবহবিকার ও

ক্ষয়ীভবন

(প্রথম ভাগ)

১) কোন কোন প্রাকৃতিক শক্তির মাধ্যমে ক্রমাগত ভূমিরূপের ক্ষয় হয়ে তার পরিবর্তন সাধিত হয়?

✓ নদী, হিমবাহ, বায়ু ও সমুদ্রতরঙ্গ

২) ভূমি ক্ষয় করে তার পরিবর্তন ঘটানোর কাজে প্রাকৃতিক শক্তিগুলি কয়টি প্রক্রিয়ার মাধ্যমে ক্ষয় এর কাজ সম্পাদন করে থাকে?

✓ তিনটি প্রক্রিয়ার মাধ্যমে যথা ক) আবহবিকার ও বিচূর্ণীভবন, খ) ক্ষয়ীভবন ও গ) অবক্ষেপণ

৩) আবহবিকার বলতে কি বুঝানো হয়েছে?

✓ ভূপৃষ্ঠের শিলাস্তর যখন বিভিন্ন প্রাকৃতিক শক্তির প্রভাবে চূর্ণবিচূর্ণ হয়ে সেই স্থানেই অবস্থান করে সে প্রক্রিয়াকে আবহবিকার বলা হয়।

৪) ক্ষয়ীভবন বলতে কি বোঝায়?

✓ আবহবিকারের ফলে চূর্ণীকৃত শিলাখন্ড মূল শিলা থেকে অন্যত্র অপসারিত হয় তখন তাকে ক্ষয়ীভবন বলা হয়।

৫) আবহবিকার ও ক্ষয়ীভবনকে একত্রে কি বলা হয়?

✓ নগ্নীভবন

৬) কয়টি প্রক্রিয়াতে আবহবিকার সম্পন্ন হয়ে থাকে?

✓ তিনটি প্রক্রিয়াতে যথা ক) যান্ত্রিক আবহবিকার, খ) রাসায়নিক আবহবিকার ও গ) জৈবিক আবহবিকার

৭) কোন কারনের ফলে যান্ত্রিক আবহবিকার ঘটে থাকে?

✓ যান্ত্রিক আবহবিকার কারনগুলি হল:-

ক) দৈনিক উত্তাপের তারতম্য

খ) তুষার জনিত কারন

গ) বৃষ্টিপাতজনিত কারন

ঘ) শিলাস্তরে চাপ ও হ্রাস জনিত কারন।

৮) কয়টি প্রদ্ধতিতে যান্ত্রিক আবহবিকার সংগঠিত হয়?

✓ ক) অবরোধীচাপমুক্ত হয়ে অপসারণ

খ) কেলসন প্রক্রিয়া

গ) তাপমাত্রার হ্রাসবৃদ্ধির কারণে শিলার সংকোচন ও প্রসারণ

ঘ) স্লেইকিং

ঙ) বায়ুর দ্বারা যান্ত্রিক আবহবিকার

৯) কি কি কারনের ফলে রাসায়নিক আবহবিকার ঘটে থাকে?

✓ ক) জারণ, খ) জল – যোজন, গ) অঙ্গার – যোজন ও ঘ)
দ্রবণ

১০) জৈবিক আবহবিকার কিসের সাহায্যে ঘটে থাকে?

✓ উদ্ভিদ ও প্রাণীর সাহায্যে

১১) কোন কোন অবহাওয়াজনিত অঞ্চল যান্ত্রিক
আবহবিকারের জন্য অনুকূল?

✓ উষ্ণমরু অঞ্চল, মরুপ্রায় অঞ্চল, শীতপ্রধান অঞ্চল ও
নাতিশীতোষ্ণ অঞ্চল

১২) কোন কোন অবহাওয়াজনিত অঞ্চল রাসায়নিক
আবহবিকারের জন্য অনুকূল?

✓ উষ্ণ ও আর্দ্র ও নাতিশীতোষ্ণ অঞ্চল

১৩) কোন আবহবিকারের ফলে শিলার শুধু আকৃতি ও ভৌত পরিবর্তন ঘটে থাকে?

✓ যান্ত্রিক আবহবিকার

১৪) কোন আবহবিকারের ফলে শিলার রাসায়নিক পরিবর্তন ঘটে থাকে?

✓ রাসায়নিক আবহবিকার

১৫) আবহবিকারের ফলাফল বর্ণনা কর?

✓ ক) মৃত্তিকা গঠনের ক্ষেত্রে আবহবিকারের বিশেষ ভূমিকা রয়েছে।

খ) আবহবিকারের দরুন বিভিন্ন শিলা যেমন আগ্নেয়শিলা ও পাললিক শিলা চূর্ণবিচূর্ণ হয়ে নানাপ্রকার খনিজ দ্রব্যে রূপান্তরিত হয়।

গ) আবহবিকারের ফলে শিলাস্তরের উপর নতুন স্তর লক্ষ করা যায়।

ঘ) ক্রান্তীয় অঞ্চলে আবহবিকারের ফলে শিলাচূর্ণ হয়ে সিলিকা বা বালুকণা ও কাদাকনার সৃষ্টি করে।

১৬) উদ্ভিদ ও প্রাণীর দ্বারা গঠিত আবহবিকারকে কি বলা হয়ে থাকে?

✓ জৈবিক আবহবিকার

১৭) ভূপৃষ্ঠের পরিবর্তনে ভূত্বকীয় পাতের (Lithospheric plates) এর গুরুত্ব কি?

✓ আমাদের ভূত্বক বিভিন্ন পাতে বিভক্ত। এই পাতগুলি পৃথিবীর অভ্যন্তরে গলিত মাগমার পরিচালনের জন্য এই পাত ও প্লেটগুলো নড়াচড়া করার ফলে ভূত্বকের পরিবর্তন ঘটে থাকে।

১৮) পাত ও প্লেটগুলির নড়াচড়ার উপর কোন দুটি প্রযুক্তি বল কাজ করে?

✓ অভ্যন্তরীণ বল ও বাহ্যিক বল

১৯) অভ্যন্তরীণ বলকে কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?

✓ দুই ভাগে যথা ক) আকস্মিক বল ও খ) ভূমিরূপ গঠনকারী বল

২০) আকস্মিক বলের উদাহরণ দাও?

✓ ভূমিকম্প, আগ্নেয়গিরি ও ভূমিধস

২১) ভূমিরূপ গঠনকারী বলের উদাহরণ দাও?

✓ পর্বত গঠন

সমাপ্ত

ধন্যবাদ

